



Tuesday, 03 April, 2012 4:52:16 PM

## জলবায়ু পরিবর্তনে বাংলাদেশ বিশ্বের অন্যতম ক্ষতিগ্রস্ত দেশ: হাছান মাহমুদ



**নিজস্ব প্রতিবেদক**  
**বার্তা২৪ ডটনেট**

**ঢাকা, ৩ এপ্রিল:** পরিবেশ ও বন মন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, এন্টার্কটিকায় জমে থাকা বরফ গলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে গেলে বাংলাদেশ ক্ষতিগ্রস্ত হবে সবচেয়ে বেশি। জমে থাকা বরফ কিছুটা গলতে শুরু করেছে। এ বরফ আরো অধিকহারে গলে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাবে পাঁচ মিটার অর্থাৎ প্রায় ১৬ ফুট। ফলে সাগরে হারিয়ে যাবে সমুদ্রপৃষ্ঠ থেকে কম উচ্চতাসম্পন্ন বহু দেশ। বিশেষ করে মহাদেশীয় এলাকাতে অবস্থিত ক্ষুদ্রদ্বীপ রাষ্ট্রগুলোর আর কোনো অস্তিত্ব থাকবে না।

মঙ্গলবার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ‘Climate Change and Glacier Melting : Sharing Experience of Antarctica’ শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টর অব স্টুডেন্ট এ্যাক্টিভিসম ড. জয়নাব এফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আইনুন নিশাত।

সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা ৫ ডিগ্রি সেলসিয়াস বাড়তে কয়েক শতাব্দী পর্যন্ত লেগে যাবে এমন মন্তব্য করেছেন ব্রাসেলসের ফ্রাইয়ে ইউনিভার্সিটির গবেষক ফিলিপ হুইব্রেক্টস।

উল্লেখ্য, জাতিসংঘের জলবায়ু বিষয়ক প্যানেল জানিয়েছে, গ্রিন হাউস গ্যাস নির্গমনের কারণে ২১০০ সালের মধ্যে পৃথিবীর তাপমাত্রা ১.৮ থেকে ৪ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে। তবে দেশগুলো যদি এখনই কার্বন নির্গমন না কমায় তাহলে এ তাপমাত্রা বৃদ্ধির হার আরও বেশি হবে বলেও আশঙ্কা প্রকাশ করেছে জাতিসংঘ।

মেখানে গবেষণারত বিজ্ঞানীদের উদ্ভূতি দিয়ে পরিবেশ মন্ত্রী বলেন, গত পঞ্চাশ বছরে এন্টার্কটিকার তাপমাত্রা বেড়েছে গড়ে ৬ ডিগ্রি সেলসিয়াস যা পৃথিবীর অন্যান্য অংশের তুলনায় ৬ গুণ বেশি। প্রাক শিল্পযুগের তুলনায় বর্তমানে ০.৮ ডিগ্রি বেশি হারে পৃথিবীর তাপমাত্রা বাড়ছে। এ তাপমাত্রা বৃদ্ধির কারণে এন্টার্কটিকার অনেক বরফ ইতোমধ্যে গলে গেছে। এই বরফ গলার হার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এটা অব্যাহত থাকলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বিপজ্জনকভাবে বেড়ে যাবে যা বিশ্ববাসীর জন্য একটি ভয়ানক বার্তা।

এন্টার্কটিকায় সফরকালে তোলা ভিডিও এবং স্থির চিত্র প্রদর্শন করে পরিবেশ মন্ত্রী জানান, তীব্র শীতল আবহাওয়ার কারণে পৃথিবীর একেবারে উত্তর ও দক্ষিণে অবস্থিত দুই মেরুর পুরোটাই বরফে আচ্ছাদিত। এশিয়া, আফ্রিকা, উত্তর আমেরিকা এবং দক্ষিণ আমেরিকার পরই প্রায় সাড়ে পাঁচ মিলিয়ন বর্গমাইল আয়তনের দক্ষিণ মেরুর আকার। হাজার হাজার বছর ধরে এ এন্টার্কটিকায় বরফের পাহাড় জমে আছে। এ বরফের পুনুষ্ণ কোনো কোনো জায়গায় কয়েক কিলোমিটার পর্যন্ত। পানির ওপর ভেসে থাকা বরফের পাহাড়ের কারণেই অন্য যে কোনো মহাদেশের তুলনায় দক্ষিণ মেরুর গড় উচ্চতা বেশি। কিন্তু জলবায়ু পরিবর্তনের কারণে ভূপৃষ্ঠের তাপমাত্রা বেড়ে যাওয়ায় এসব বরফখণ্ডও গলা শুরু হয়েছে। ফলে বেড়ে যাচ্ছে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা।

মন্ত্রী বলেন, বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তন ইস্যুতে যারা কাজ করছেন তাদের অনেকেই এই সফরে অংশগ্রহণ করায় বিশ্বব্যাপী বাংলাদেশের ঝুঁকির বিষয়টি বহুল প্রচারিত হয়েছে। আল গোরসহ বিশ্ব নেতৃবৃন্দ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশের ভূমিকার প্রশংসা করেছেন উল্লেখ করে মন্ত্রী জানান, আল গোর গত ৪ ফেব্রুয়ারি এন্টার্কটিকা থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে টেলিফোনে আলাপকালে বর্তমান সরকারের ভূমিকার প্রশংসা করেছেন।

বার্তা২৪ ডটনেট/এসএফ

**barta24.net**  
সংবাদ সারাঞ্চল

Copyright © 2012  
Star Media (Pvt) Ltd.  
All rights reserved

সম্পাদক : সরদার ফরিদ আহমদ

৭০ কাকরাইল, ঢাকা ১০০০, বাংলাদেশ

ফোন : +৮৮০-২-৮৩২২৩৩২, +৮৮০-১৮২৭১৫৫৬৯৫

ফ্যাক্স : ৯৩৫৪২৬৬ ই-মেইল : [info@barta24.net](mailto:info@barta24.net), [ad@barta24.net](mailto:ad@barta24.net)